# কর্ম অধিকার ক্ষেত্র

লন্ডনকে কাজ করার জন্য সবথেকে সুলভ নগরী হিসেবে গড়ে তুলতে মেয়রের প্রতিজ্ঞার অংশ হিসেবে, আমরা বিভিন্ন কাজের অধিকারের সঙ্গে সঙ্গে আপনার কর্মক্ষেত্রে কোন সমস্যা হয়ে থাকলে কি করতে হবে তার বিস্তৃত বিবরণ সংক্রান্ত তথ্যাবলী প্রদান করছি।

## সূচিপত্র


অনুবাদের জন্য নোট

কাজের অধিকারগুলি কি?

আমি চিন্তিত যে আমার অভিবাসন অবস্থানের কারণে আমার কোন কাজের অধিকার নেই

কোথায় থেকে আমি কাজের অধিকার সম্পর্কিত সাধারণ পরামর্শ পাব?

করোনাভাইরাস

সমান আচার ব্যবহার পাওয়া

বেতন এবং পেনশন

আপনার চাকরি হারানো

পরিবার ও অভিভাবকগণ

কাজ থেকে বিরতি নেয়া ৪৫
কর্মসময় এবং শর্তাবলী ৫০

## অনুবাদের জন্য নোট

এই গাইডটি ইংরেজি থেকে আপনার ভাষায় অনুবাদ করা হয়েছে। আমাদের সংযুক্ত করা কিছু রিসোর্স শুধুমাত্র ইংরেজিতেই পাওয়া যায়। আপনি যদি সেগুলি পড়তে চান, তবে গুগল ট্রান্সলেট (Google Translate) একটি পরিষেবা দিয়ে থাকে যেখানে আপনি পুরো ওয়েবসাইটটি অনুবাদ করতে পারবেন। একটি ওয়েব ব্রাউজার খুলে translate.google.com-এ যান বাম দিকের টেক্সটবক্সে, আপনি যে ওয়েবসাইটটি দেখতে চান তার পুরো ইউআরএলটি টাইপ করুন (http:// সহ)। ডান দিকে, ওয়েবসাইটটি আপনি যে ভাষায় দেখতে চান তা নির্বাচন করুন। অনুবাদ করা ওয়েবসাইটটি চলে আসবে, এবং আপনি সেই ভাষাতে সাইটটিতে লিঙ্কসমূহে ক্লিক করে পুরো ওয়েবসাইটটি দেখতে পারবেন- যতক্ষণ অব্দি আপনি গুগল ট্রান্সলেট (Google Translate) ইন্টারফেসের মধ্যে থাকবেন।

অনুগ্রহ করে এটি জেনে রাখুন যে গুগল ট্রান্সলেটের (Google Translate) পরিষেবা ১০০% সঠিক হয় না, এবং আইনি তথ্যাবলীর যথাযথ

অনুবাদের জন্য এটার উপর নির্ভর করা যায় না। আপনার যদি কোন জটিল সমস্যা থেকে থাকে যার উত্তর এই কাগজে দেয়া হয়নি, তবে সবথেকে ভালো হবে যদি আপনি পরামর্শ কেন্দ্রে সরাসরি দেখা করতে চলে আসেন বা অ্যাকাস (Acas) হেল্পলাইনে ০৩০০ ১২৩ ১১০০ নম্বরে কল করেন যা সকাল ৮টা–সন্ধ্যা ৬টা অব্দি খোলা থাকে, সোমবার থেকে শুক্রবার এবং আপনাকে যে কোন ভাষায় সাহায্য করতে পারে। একটি যোগাযোগশীল মানচিত্র এবং পরামর্শ কেন্দ্রের তালিকা, অনুবাদের পরিষেবা কেন্দ্রগুলি প্রদান করে কিনা এই তথ্যাবলীসহ, নিচে পাওয়া যাবে। যদি আপনার স্থানীয় কেন্দ্র অনুবাদের সেবা না দিয়ে থাকে, তবে বেশিরভাগ কেন্দ্রের কোন আপত্তি হবে না যদি আপনি সঙ্গে একজন বন্ধু বা পারিবারিক সদস্য নিয়ে আসেন অনুবাদ করার জন্য।

## কাজের অধিকারগুলি কি?

যুক্তরাজ্যে সরকার দ্বারা তৈরি আইন আছে যা আপনাকে কর্মক্ষেত্রে রক্ষা করে থাকে। এগুলিকে **বিধিবদ্ধ কর্ম অধিকার (statutory employment rights)** বলা হয়। আপনি যার জন্য কাজ করেন তিনি আপনাকে আপনার চুক্তির অংশ হিসেবে অধিকার প্রদান করতে পারেন। এগুলিকে **চুক্তিকৃত কর্ম অধিকার (contractual employment rights)** বলা হয়।

## আমার কি কাজের অধিকার গ্রহণ করার অধিকার আছে?

প্রত্যেক ব্যক্তি যিনি যুক্তরাজ্যে কাজ করেন তার কিছু কাজের অধিকার থেকে থাকে। আপনি কোথা থেকে এসেছেন বা কি চাকরি করেন সেটি কোন বিষয় নয়।

আপনার যে চুক্তিকৃত অধিকারগুলি আছে সেগুলি আপনার চুক্তিপত্রে লেখা থাকবে (যদি আপনার থাকে)। আপনার সংবিধিবদ্ধ অধিকারের সংখ্যা **চাকরির পরিস্থিতি (employment status)** বলে এমন কিছু একটার উপরে নির্ভর করে। আপনি যে ব্যক্তির সাথে কাজ করেন তার সাথে আপনার যে ধরনের চুক্তি হয়েছে সেটি অনুযায়ী এটি নির্ধারিত হয়ে থাকে।

## আমি চিন্তিত যে আমার অভিবাসন পরিস্থিতির কারণে আমার কোন কাজের অধিকার নেই।

আপনার অভিবাসন পরিস্থিতি আপনার কাজের অধিকারকে প্রভাবিত করতে পারে।

আপনার অভিবাসন পরিস্থিতি নিয়ে যদি আপনার পরামর্শের প্রয়োজন হয় তবে, আমরা অভিবাসন ও পরামর্শ পরিষেবার যোগাযোগশীল মানচিত্র এবং তালিকা**(interactive map and list of immigration and advice services)** তৈরি করেছি।

আপনার যদি নো রিসোর্স টু পাবলিক ফান্ড (এনআরপিএফ)[no recourse to public funds (NRPF)]থাকে এবং আর্থিক ও হাউজিং

সাহায্যের প্রয়োজন হয়ে থাকে, তবে , এনআরপিএফ নেটওয়ার্ক(the NRPF network ) টুল(tool ) আপনাকে সরকারের কাছ থেকে আপনি কি সহযোগীতা পেতে পারেন তার খোঁজ নিতে পারে।

আপনি যদি ইইউ নাগরিক হয়ে থাকেন এবং ব্রেক্সিটের পরে যুক্তরাজ্যে থাকার জন্য আপনার পরামর্শের প্রয়োজন হয়ে থাকে, তবে মেয়রের ইইউ লন্ডনরাস হাব ( EU Londoners Hub ) -এ দেখুন।

## আমার চাকরির ক্ষেত্রে পরিস্থিতি কি?

তিনটি প্রধান চাকরির পরিস্থিতি আছে:

1. কর্মচারী ( Employee )
2. কর্মী ( Worker )
3. স্ব-নিযুক্ত ( Self-employed )

আপনার চাকরি বিষয়ক পরিস্থিতিটি কি তা বের করা বেশ কঠিন হতে পারে- কিন্তু এটি জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে আপনি বুঝতে পারেন যে আপনার কি কি অধিকার আছে।

আপনি ট্রেড ইউনিয়ন কংগ্রেস ওয়েবসাইটে (টিইউসি) ( Trades Union Congress (TUC) website) তে আপনার

চাকরির পরিস্থিতি বের করে নিতে পারেন। এটি 13টি ভিন্ন ভিন্ন ভাষায় লভ্য রয়েছে।

ওয়ার্ক রাইটস সেন্টারও (Work Rights Centre) _আপনার চাকরির পরিস্থিতি বের করতে এবং আপনার কি কি অধিকার আছে তা জানাতে আপনাকে সাহায্য করতে পারে।

## আমার অধিকারগুলি কি কি?

আমরা নিম্নলিখিতগুলি সহ অনেক বড় পরিসরে বিভিন্ন চাকুরি সংক্রান্ত বহু গুরুত্বপূর্ণ তথ্যাবলী এক জায়গায় এনেছি:

- সমান আচরণ পাওয়া –বৈষম্য এবং হেনস্থা হওয়া, উসকে দেয় এমন লোকদের থেকে সুরক্ষা, একটি ব্যবসায়িক ইউনিয়নের সাথে যোগদান করার অধিকার, আধুনিক দাসত্ব
- আপনার চাকরি খোয়া গেলে পরের অধিকার –রিডান্ডান্সি পে, অনৈতিক পদচ্যুতি থেকে সুরক্ষা, নোটিশের সময়সীমা এবং বেতন, টিইউপিই (মালিকানা স্থানান্তর (চাকরির সুরক্ষা))।
- বেতন এবং পেনশন – –জাতীয় ন্যূনতম বেতন বা জীবিকা, আপনার বেতন থেকে বেআইনি কাটতি, আইটেম অনুসারে পেস্লিপ, কর্মক্ষেত্র বিশেষ পেনশন।

- পরিবার ও অভিভাবকদের অধিকার – মাতৃত্বকালীন ছুটি এবং বেতন, পিতৃত্বকালীন ছুটি এবং বেতন, ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি এবং বেতন, দত্তক সংক্রান্ত ছুটি এবং বেতন।
- কাজের সময় এবং শর্তাবলী – বিশ্রাম বিরতি, স্বাস্থ্য এবং নিরাপত্তা, নমনীয় কাজ, কাজের সময়ের অনুরোধ করার অধিকার
- কাজ থেকে বিরতি নেয়া – অসুস্থতা সংক্রান্ত ছুটি এবং বেতন, বার্ষিক ছুটি বা ছুটির বেতন, জরুরি সময়ে ছুটিগ্রহণ

## কাজের জায়গায় কোন সমস্যার মোকাবিলা আমি কিভাবে করব?

আপনার কাজের জায়গায় কোন সমস্যা হয়ে থাকলে আপনি অনেক কিছু করে সমস্যা সমাধানের চেষ্টা করতে পারেন। কিছু জিনিসের মধ্যে একটি হল যে আপনি নির্দিষ্ট সময়সীমা মেনে চলবেন, সুতরাং দ্রুত কাজ করার জন্য এটি গুরুত্বপূর্ণ হতে পারে।

সিটিজেন অ্যাডভাইস (Citizens Advice) তাদের ওয়েবসাইটে কিছু ভালো পরামর্শ রেখে দিয়েছে পদক্ষেপসমূহ সম্পর্কে যা কাজের জায়গায় আপনার সমস্যার সমাধান করতে আপনি গ্রহণ করতে পারেন.

কাজের জায়গায় সমস্যার সমাধান করায় সাহায্য পাওয়ার সর্বোত্তম পন্থাগুলির একটি হল একটি ব্যবসায়িক সমিতি (Trade Union)-এর অংশ হয়ে ওঠা। সাধারণত ইউনিয়নগুলি আপনার যোগদানের পূর্বে ঘটেছে এমন কোন সমস্যায় সহযোগীতা করতে সক্ষম নয়। আপনার নিজের জন্য সঠিক ইউনিয়ন খুঁজে নিন।

আপনার নিজে থেকে সমস্যার মোকাবিলা করতে কষ্ট হলে, অনেক জায়গা আছে যেখান থেকে আপনি আরো বেশি সহযোগীতা পেতে পারেন।

সহযোগীতার জন্য আপনার কারো সাথে যোগাযোগ করার পূর্বে, যতটা সম্ভব তথ্য তৈরি রাখা গুরুত্বপূর্ণ প্রয়োজন। এই তথ্যগুলি আপনার কাছে ছাপানো থাকলে ভালো হয়, যদি আপনি তা করতে পারেন। আপনি আপনার স্থানীয় গ্রন্থাগারে গিয়ে এটি করতে পারেন। আপনাকে নিম্নলিখিত জিনিসগুলি অন্তর্ভূক্ত করতে হতে পারে:

- আপনার যা সমস্যা হচ্ছে তার একটি বর্ণনা
- আপনাকে যে বৈষম্য ও হেনস্থার শিকার হতে হয়েছে তার সময়সীমার বিস্তৃত বিবরণ
- আপনার চাকুরির চুক্তির একটি কপি (যদি আপনার থেকে থাকে)

- একটি সাম্প্রতিক পে স্লিপের কপি (যদি আপনার কাছে থেকে থাকে)

- আপনার যা সমস্যা হচ্ছে সেই সম্পর্কিত আপনার ও আপনি যার কাছে কাজ করছেন সেই ব্যক্তির মধ্যকার কোন চিঠি বা ইমেইলের একটি কপি

- আপনি যার কাছে কাজ করছেন তার সাথে ঘটিত সমস্যা সম্পর্কে কোন কথোপকথনের বিবরণ

## চাকুরি সংক্রান্ত অধিকার সম্পর্কিত সাধারণ পরামর্শ আমি কোথায় পেতে পারেন?

### ফোনে বা ইমেইলের মাধ্যমে

- যদি চাকুরির অধিকার সম্পর্কে আপনি আরো সাধারণ তথ্য জানতে চান তবে আপনি অ্যাকাস (Acas) হেল্পলাইনকে ০৩০০ ১২৩ ১১০০ নম্বরে টেলিফোন করতে পারেন। এটি সোমবার থেকে শুক্রবার, সকাল ৮টা-সন্ধ্যা ৬টা অব্দি খোলা থাকে, এবং আপনাকে যে কোন ভাষায় সহযোগীতা করতে পারে। আপনার যদি কানে শোনার বা কথা বলার কোন রকম সমস্যা থেকে থাকে তবে আপনি ১৮০০১ ০৩০০ ১২৩ ১১০০ নম্বরে তাদের টেক্সট রিলে (Text Relay)

পরিষেবাটি ব্যবহার করতে পারেন। আপনি যার কাছে কাজ করেন তার সাথে সমস্যা মিটিয়ে নেয়ায় আপনাকে সহযোগীতা করতে সক্ষমও হতে পারেন। এটিকে মধ্যবর্ত্তিতা করা বলে।

- আপনি যদি বিকলাঙ্গ হন এবং আপনার চাকুরির অধিকার সম্পর্কে পরামর্শ পেতে চান তবে আপনি ডিজ্যাব্যালিটি ল সার্ভিস (ডিএলএস) [ Disability Law Service (DLS) ]-কে ০২০৭ ৭৯১ ৯৮০০ নম্বরে কল করে বা **advice@dls.org.uk** ঠিকানায় ইমেইলে যোগাযোগ করতে পারেন।

- ওয়ার্কিং ফ্যামিলি একটি জাতীয় দাতব্য প্রতিষ্ঠান যেটি অভিভাবক ও পরিচর্যাকারীদেরকে বিনামূল্যের পরামর্শ প্রদান করে থাকে। আপনি আরো তথ্যের জন্য তাদের ওয়েবসাইটটি দেখতে পারেন, তাদের বিনামূল্যের হেল্পলাইন **advice@workingfamilies.org.uk** –এ ইমেইল করতে পারেন (তার পাঁচ কর্মদিবসের মধ্যে উত্তর দেয়ার লক্ষ্য রাখে) বা ০৩০০ ০১২০৩১২ নম্বরে কল করুন (বর্তমানে সোমবার বিকেল ৩টে–৫টা অব্দি, মঙ্গলবার ও বৃহস্পতিবার বেলা ১২টা –২টো অব্দি খোলা থাকে)

- আপনি কোন ট্রেড ইউনিয়নের (Trade Union) সদস্য হয়ে থাকলে পরামর্শ করার জন্য তাদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন।
- আপনার কোন নির্দিষ্ট বিষয়ে কোন বিশেষজ্ঞ ফোন বা ইমেইল সহযোগীতা পরিষেবার প্রয়োজন হলে যেমন হেনস্থা, তবে সেই বিষয়ের সাথে সংশ্লিষ্ট নিচে সেকশনে লিঙ্কগুলি খুঁজে নিতে পারেন।

## মুখোমুখি পরামর্শ

আমরা লন্ডনে পরামর্শ কেন্দ্রগুলির একটি মানচিত্র তৈরি করেছি যাতে আপনি খন্ডকালীন কর্মীদের অধিকার সম্পর্কিত সহযোগীতা পেতে কারো সাথে দেখা করতে চাইলে কোথায় যাবেন সেটি খুঁজে পেতে সহযোগীতা পান। আমরা একটি তালিকায় তাদের বিবরণসমূহও প্রদান করেছি । এদের অনেকেই টেলিফোনে বা ইমেইলের মাধ্যমে পরামর্শ দিতে পারে এবং অনেকে অনুবাদ পরিষেবার অফারও দিয়ে থাকে। যদি আপনার স্থানীয় কেন্দ্র অনুবাদের সেবা না দিয়ে থাকে, তবে বেশিরভাগ কেন্দ্রের কোন আপত্তি হবে না যদি আপনি সঙ্গে একজন বন্ধু বা পারিবারিক সদস্য নিয়ে আসেন অনুবাদ করার জন্য।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে কিছু জায়গা শুধুমাত্র আপনাকে নিম্নলিখিত ব্যাপারে সাহায্য করতে পারে:

- সাধারণ পরামর্শ বা ফরম পূরণ করার মত নির্দিষ্ট কিছু ব্যাপারে
- আপনি যদি তাদের কাছাকাছি বসবাস করেন বা কাজ করে থাকেন (যেমন, হয়ত আপনাকে একই বরোতে বাস করতে হতে পারে)
- আপনি যদি নির্দিষ্ট কিছু দেশ বা পটভূমি থেকে এসে থাকেন (যেমন, আপনি পূর্ব বা মধ্য ইউরোপ থেকে এসে থাকেন)
- আপনি যদি খুব বেশি আয় উপার্জন না করেন বা যদি আপনার কোন আর্থিক সমস্যা থেকে থাকে
- আপনি যদি একটি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য তাদেরকে প্রথমে টেলিফোন করে থাকেন

এটি নিশ্চিত করুন যে আপনি আমাদের কেন্দ্রের তালিকাটিতে প্রদত্ত বিবরণ দেখেছেন সেখানে দেখা করতে যাওয়ার আগে যাতে আপনার সমস্যা সংক্রান্ত সাহায্য আপনি সঠিক জায়গায় গিয়ে খুঁজে পান।

## লন্ডনকে কাজ করার জন্য আরো ভাল জায়গা করে তুলতে মেয়র কি করছেন?

মেয়র লন্ডনকে আরো নিরপেক্ষ শহর হিসেবে গড়ে তোলার প্রতিজ্ঞা করেছেন যখন তিনি নির্বাচিত হন, এবং এর একটি বড় অংশ হল এটি নিশ্চিত করা যে লন্ডনে যারা কাজ করেন তাদের প্রত্যেকের সাথে যার কাছে তারা কাজ করছেন তার মাধ্যমে যেন ভাল আচরণ করা হয়।

মেয়র লন্ডনের ব্যবসা ও কোম্পানিসমূহকে ভাল কাজের মানের (Good Work Standard) জন্য সাইন আপ করতে বলছেন যেটি তাদের দিয়ে এই প্রতিজ্ঞা করিয়ে নেয় যে যারা তাদের জন্য কাজ করছেন তাদের সাথে তারা নিরপেক্ষ আচরণ করবেন।

এটিও তিনি চান যে লন্ডনে যারা কাজ করেন তাদের প্রত্যেকে যেন তাদের চাকুরির অধিকার সম্পর্কে জানেন যাতে তারা যেন বলতে পারে কোথায় তাদের সাথে অন্যায় হয়েছে। যদি তাদের সাথে অন্যায় আচরণ করা হয়ে থাকে, তবে মেয়র লোকেদের বলতে চান যে কোথায় গেলে এই সম্পর্কে কিছু করতে তারা সহযোগীতা ও সমর্থন পাবেন।

# করোনাভাইরাস ও চাকুরি সম্পর্কিত অধিকারসমূহ

করোনাভাইরাসের কারণে যদি আপনার কাজ বা উপার্জনে কোন প্রভাব পড়ে থাকে, তবে আপনার চাকুরি অধিকার সম্পর্কে অবগত হওয়াটা প্রয়োজনীয়। যদি আপনাকে কাজ থেকে বিরত থাকতে হয়েছে, আপনার কাজের ঘন্টা হ্রাস হয়েছে বা আপনি আপনার চাকরি হারিয়েছেন তবে আপনার কাছে হয়তো এমন সমস্ত কর্মক্ষেত্রের অধিকার বা অন্যান্য সাহায্য গ্রহণ করার অধিকার থাকতে পারে যা এই সময়কালে আপনার সহায্য করতে পারে।

আপনার যেসকল চাকুরি অধিকারসমূহ আছে সেগুলি আপনার চাকরির অবস্থানের উপর নির্ভর করে। প্রথমে **আপনার চাকুরি অবস্থান নির্ধারণ করাটা** প্রয়োজনীয় যাতে আপনার কি অধিকার আছে সেটি আপনি বুঝতে পারেন।

এই নথির তথ্যাবলী ১৩ই মে ২০২০ তারিখ অনুযায়ী সঠিক। অনুগ্রহ করে সর্বশেষ তথ্যাবলীর জন্য সরকারী ওয়েবসাইট দেখুন।

## আপনি যদি কর্মক্ষেত্রে সুরক্ষিত থাকা নিয়ে উদ্বিগ্ন হয়ে থাকেন

সরকার এই পরামর্শ দিচ্ছে যে আপনার বাসা থেকেই কাজ করা উচিত যদি না এমনটি করা আপনার জন্য অসম্ভব হয়, এবং

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি বাসা থেকে আপনার কাজ করায় যথাসম্ভব সহযোগীতা করবেন।

যদি বাসা থেকে কাজ করা আপনার জন্য অসম্ভব হয়- উদাহরণস্বরূপ যদি আপনি নির্মাণক্ষেত্র বা উৎপাদনশিল্পে কাজ করেন - তবে কাজের যাওয়ার জন্য সরকার আপনাকে সক্রিয়ভাবে উদ্বুদ্ধ করছে। আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তাঁকে অবশ্যই সকল উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করে নিশ্চিত করতে হবে যে কর্মক্ষেত্রে থাকাকালীন সময়ে আপনি যেন সুরক্ষিত থাকেন, এবং এতে এমন সকল পদক্ষেপ গ্রহণ করা অন্তর্ভুক্ত রয়েছে যা আপনাকে সামাজিক দূরত্ব বজায় রাখার নির্দেশনা মেনে চলতে সহায়তা করবে। সরকার কর্তৃক একটি **কর্মচারীদের জন্য নির্দেশনাবলী** তৈরি করা হয়েছে যা নিয়োগকর্তাদেরকে সহায়তা করবে যাতে তারা তাদের কর্মচারীদের সুরক্ষিত রাখতে পারেন এবং তাদের কর্মক্ষেত্র কে 'কোভিড- ১৯ নিরাপদ' বানাতে পারেন।

যদি আপনাকে কর্মক্ষেত্রে যেতে বলা হয় এবং আপনি যদি মনে করেন যে আপনি বাসা থেকেই কাজ করতে পারবেন, বা আপনি যদি মনে করেন যে কর্মক্ষেত্রে থাকা আপনার জন্য অসুরক্ষিত হবে, বা পরিচর্যা সম্পর্কিত দায়িত্ব থাকার কারণে আপনি সাধারণ সময়ে কাজ করতে পারবেন না, তবে আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তার সঙ্গে কথা বলাটা আপনার জন্য গুরুত্বপূর্ণ। তাদেরকে আপনার উদ্বেগগুলো শুনতেই হবে। **আপনার যদি মনে হয় যে আপনার কর্মক্ষেত্র নিরাপদ নয় তবে আপনি কী করতে পারেন সেই সংক্রান্ত কিছু নির্দেশনা টিইউসি তৈরি করেছেন।**

কিছু লোকজনকে ভাইরাসে আক্রান্ত হওয়া এড়াতে অতিরিক্ত কিছু পদক্ষেপ **নিতে সরকার পরামর্শ দিয়েছে**। এটি সুরক্ষা পদক্ষেপ নামে জ্ঞাত। যদি আপনি সরকারের পরামর্শ অনুযায়ী সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করছেন, বা সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করেছে এমন কোনো ব্যক্তির সঙ্গে যদি আপনাকে বাসায় থাকতে হয় তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে কাজে আসতে বোলতে পারেন না। প্রায় সকল ক্ষেত্রে, আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তাকে আপনার বেতন পরিশোধ করে যেতে হবে। আমাদের নির্দেশনাবলী **আপনি যদি অসুস্থ হয়ে পড়েন বা সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করে থাকেন তবে কেমন বেতনের অধিকারী আপনি**– এতে দেখুন।

যদি আপনি গর্ভবতী হোন, ৭০ বছরের চেয়ে বেশি বয়সী হোন বা আপনার এমন কোন স্বাস্থ্য সমস্যা থাকে যা ইকুয়ালিটি অ্যাক্টের অধীনে অক্ষমতা বলে গণ্য করা হয় এবং আপনার নিয়োগকর্তা অযৌক্তিকভাবে আপনার উপর চাপের সৃষ্টি করে ও আপনাকে কাজে ফেরত যাওয়ার জন্য বাধ্য করার চেষ্টা করে তাহলে এটাকে বেআইনি বৌষম্যতা হিসেবে গণ্য করা যেতে পারে। **এই বিষয়ে এসিএএস'এর কাছে কিছু নির্দেশনা আছে।**

আপনাকে হয়তো আপনি যে মানুষের জন্য কাজ করে তাকে বা অন্য কারো কে অবহিত করতে হতে পারে যদি আপনার কর্মক্ষেত্রে কোনো কিছু খারাপ ঘটছে, উদাহরণস্বরূপ, যদি আপনার কর্মক্ষেত্র অসুরক্ষিত হয়। এটিকে হুইসেল ব্লোয়িং বলে। আপনি যদি এটি করে থাকেন, তবে আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনার সঙ্গে অন্যায্য আচরণ করতে পারবেন না বা আপনাকে চাকরি থেকে বের করে দিতে বা বরখাস্ত করতে পারবেন না। **হুইসেলব্লোয়ারদের জন্য সুরক্ষা সম্পর্কিত আমাদের নির্দেশনাবলী দেখুন।**

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে কষ্ট দিয়ে বা হুমকি দিয়ে আপনাকে দিয়ে জোরপূর্বক কাজ করাতে পারবেন না। আপনি যদি তাদের জন্য কাজ না করতে চান তাহলে তাদরকে অবশ্যই আপনাকে কাজ ছেড়ে চলে যাওয়ার অনুমতি দিতে হবে। এটিকে আধুনিক দাসত্ব বলে। সরকার **আধুনিক দাসত্ব এবং করোনাভাইরাস সম্পর্কিত নির্দেশনা** সরবরাহ করেছে, যার মধ্যে নিয়োগকর্তাদের সঙ্গে বসবাস করছেন এমন সকল গৃহ কর্মী বা পরিচর্যা প্রদানকারী কর্মীদের জন্য পরামর্শ অন্তর্ভুক্ত রয়েছে। **আপনি যদি আধুনিক দাসত্বের শিকার হয়ে থাকেন তবে কী করতে হবে সেই সম্পর্কিত আমাদের নির্দেশনাটি দেখুন।**

# যদি করোনাভাইরাসের কারণে আপনার কাজ থেকে বিরত হতে হয়

যদি **সরকার আপনাকে স্ব-বিচ্ছিন্নতার পরামর্শ দিয়ে** থাকে, কারণ আপনি অসুস্থ আছেন, বা অসুস্থ কোন ব্যক্তির সঙ্গে আপনার থাকার প্রয়োজন আছে, এবং আপনি বাসা থেকে কাজ করতে পারছেন না, তবে সরকার বলছেন যে বেশিরভাগ ক্ষেত্রেই আপনি সিক পে (অসুস্থতাকালীন বেতন) পাবেন।

সবাই সিক পে গ্রহণ করার অধিকারী নন। **দেখুন যদি আপনি সিক পে-এর জন্য যোগ্য কি না।**

আপনি যদি সিক পে-এর জন্য যোগ্য না হয়ে থাকেন কারণ আপনি যথেষ্ট পরিমাণ উপার্জন করেন না, তবে আপনাকে **ইউনিভার্সাল ক্রেডিটসহ বেনিফিটসমূহের** জন্য আবেদন করতে হবে।

যদি আপনি সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করছেন বা সুরক্ষা পদক্ষেপ গ্রহণ করছে এমন কারোর সঙ্গে আপনাকে বাসায় থাকতে হবে তবে আপনিও সিক পে গ্রহণ করার জন্য যোগ্য হতে পারেন। যদি আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তারা উভয়ে রাজি হন, আপনার নিয়োগকর্তা বরঞ্চ আপনাকে 'সাময়িক ছুটি'-তে রাখতে পারেন এবং করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের মাধ্যমে আপনার বেতন প্রদান করতে পারেন। **দেখুন যদি আপনি করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের আওতায় থাকতে পারেন কিনা।** আপনি এটি যে ব্যক্তির জন্য কাজ করেন তার সঙ্গে আলোচনা করতে পারেন। করোনাভাইরাস জব রিটেনশন স্কিম অক্টোবর ২০২০-এর শেষ অব্দি চলবে এবং এটি যেভাবে কাজ করছে সেই প্রক্রিয়ায় জুলাইয়ের শেষ অব্দি কোন পরিবর্তন হবে না। **সর্বশেষ তথ্যের জন্য সরকারী ওয়েবসাইট দেখুন।**

যদি স্ব-নিযুক্ত থাকার কারণে আপনি সিক পে-এর জন্য যোগ্য না হয়ে থাকেন, তবে আপনি সরকারের **সেলফ-এমপ্লয়েড ইনকাম সাপোর্ট (স্ব-নিযুক্ত উপার্জন সহযোগীতা) স্কিমের** জন্য উপযুক্ত হতে পারেন। আপনি যদি একটি কোম্পানির জন্য কাজ করে থাকেন কিন্তু আপনার স্ব-নিযুক্ত চাকুরির অবস্থান থাকে, তবে আপনি যে কোম্পানির জন্য কাজ করেন তার নিজস্ব সিক পে স্কিম থাকতে পারে। আপনার কোম্পানির স্কিমের অধীনে আপনি কতদিন যাবৎ সিক পে দাবি করতে পারেন তার একটি সীমা থাকতে পারে।

আপনার যদি নো রিসোর্স টু পাবলিক ফান্ডস অভিবাসন শর্ত থাকে, তবে সিক পে এবং সরকারের স্ব-নিযুক্ত উপার্জন সহযোগীতা স্কিম পাওয়ার ক্ষেত্রে আপনার কোন বাধা নেই। আপনার যদি নো রিসোর্স টু পাবলিক ফান্ডস থাকে তবে আপনি **এনআরপিএফ নেটওয়ার্ক ওয়েবসাইটে** আপনার অধিকারসমূহ সম্পর্কে আরো তথ্য পেতে পারেন।

যদি আপনি গর্ভবতী হোন, তবে আপনি বর্ধিত ঝুঁকিতে থাকতে পারেন এবং আপনার শুধুমাত্র প্রয়োজনীয় কারণেই বাসা থেকে বাইরে যাওয়া উচিত। গর্ভাবস্থায় আপনার স্ব-বিচ্ছিন্ন থাকাকালীন সময়ে আপনার চাকুরি সম্পর্কিত অধিকারের নির্দেশনা জানার জন্য **ম্যাটারনিটি অ্যাকশন দেখুন**

যদি আপনি সরকারী পরামর্শে স্ব-বিচ্ছিন্নতায় থাকার কারণে কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকেন, তবে বেশিরভাগ ক্ষেত্রে আপনি **এনএইচএস ১১১ অনলাইন** থেকে একটি 'বিচ্ছিন্নতা নোট' পেতে পারেন। আপনাকে ডাক্তারের কাছে যেতে হবে না।

# করোনাভাইরাসের কারণে আপনার চাকুরি খোয়া গিয়ে থাকলে

পাব, রেস্তোঁরা এবং কিছু দোকানসহ, কিছু কিছু ব্যবসাগুলোকে করোনাভাইরাসের প্রসারের কারণে বন্ধ রাখতে বলা হয়েছে, এবং অন্যান্যগুলি আর্থিক অসুবিধার পরিস্থিতিতে রয়েছে। যদি আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তার কাছে আপনার জন্য যথেষ্ট পরিমাণ কাজ না থাকে, তবে তারা আপনাকে কাজে আসতে বারণ করতে পারেন।

যদি আপনি ও আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি উভয়ে সম্মত হন, তবে আপনার চাকুরিদাতা আপনাকে পেরোলে রাখতে পারেন যদি তারা করোনাভাইরাসের কারণে পরিচালনা করতে অক্ষম হন বা আপনার জন্য যদি তাদের কাছে কোন কাজ না থাকে। এটিকে 'সাময়িক ছুটি' -তে থাকা বলে। **দেখুন যদি করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের আওতায় আপনি আছেন কি না।** করোনাভাইরাস জব রিটেনশন স্কিম অক্টোবর ২০২০ এর শেষ অব্দি চলবে এবং যেভাবে কাজ চলছে সেই প্রক্রিয়াতে জুলাইয়ের শেষ অব্দি কোন পরিবর্তন হবে না। **সর্বশেষ তথ্যাবলীর জন্য সরকারী ওয়েবসাইট দেখুন।** **টিইউসির কাছে** করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের অধীনে আপনার অধিকার সম্পর্কিত নির্দেশনা আছে। আপনি করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের আওতায় থাকতে পারেন যদি আপনার কোন ধরনের চুক্তি, যেমন যদি আপনি কোন সংস্থার কর্মী হয়ে থাকেন বা আপনি একটি শূণ্য ঘন্টার চুক্তিতে থাকেন।

যদি আপনি চাকরি হারিয়ে থাকেন এবং করোনাভাইরাস জব রিটেনশ স্কিমের আওতায় না থাকেন, **সিটিজেনস এডভাইসের** কাছে আপনি কি করতে পারেন সেই সম্পর্কে কিছু নির্দেশনা আছে।

যদি করোনাভাইরাসের কারণে আপনার ঘন্টা বা আপনার বেতন কমে যায়, তবে **মানি এডভাইস সার্ভিস** দেখুন।

যদি আপনি স্ব-নিযুক্ত হয়ে থাকেন এবং করোনাভাইরাসের কারণে আপনি ব্যবসা হারিয়ে থাকেন, তবে আপনি সরকারের **সেলফ-এমপ্লয়েড ইনকাম সাপোর্ট স্কিমের** উপযুক্ত হতে পারেন।

যদি আপনি আপনার উপার্জন নিয়ে চিন্তিত থাকেন এবং তৎকাল অর্থের প্রয়োজন হয়, তবে আপনি **ইউনিভার্সাল ক্রেডিটসহ বেনিফিটসমূহের** দাবি করতে পারেন। আপনার স্থানীয় কাউন্সিলেরও আপনাকে সহযোগীতা করতে আর্থিক সহযোগীতা স্কিম থাকতে পারে।

আপনার যদি নো রিসোর্স টু পাবলিক ফান্ডস অভিবাসন শর্ত থাকে, তবে ওয়েলফেয়ার সহযোগীতা অ্যাক্সেস করার আগে আপনার নির্দেশনার প্রয়োজন হতে পারে। আপনি **এনআরপিএফ নেটওয়ার্কসমূহের ফ্যাক্টশিটে** আরো তথ্য পেতে পারেন।

# যদি আপনি শিশু বা অন্যদের পরিচর্যা করে থাকেন

স্কুল ও নার্সারিসমূহ বন্ধ থাকার কারণে, আপনাকে হয়তো শিশুদের বা অন্যান্য আত্মীয়দের পরিচর্যা করতে হতে পারে এবং সেই জন্য আপনি হয়তো কাজ করতে অক্ষম হয়ে যেতে পারেন।

আপনি যদি একজন কর্মচারী হন ও আপনার শিশু থাকে, তবে যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি অবশ্যই আপনাকে তাদের দেখাশোনা করার জন্য বিনা বেতনে কিছু সময়ের বিরতি নিতে দেবেন। এটিকে **অবৈতনিক অভিভাবকীয় ছুটি** বলে।

যদি শিশুদের পরিচর্যা করার প্রয়োজনে আপনি কাজ না করতে পারেন, তবে আপনি **করোনাভাইরাস জব রিটেনশন স্কিমের** জন্য যোগ্য হতে পারেন। আপনি এই বিষয়েআপনার চাকুরিদাতার সঙ্গে আলোচনা করতে পারেন।

**ওয়ার্কিং ফ্যামিলিসের** কাছে অন্যদের পরিচর্যা করার জন্য আপনার বিরতি নেয়ার অধিকার সম্পর্কে নির্দেশনা আছে।

## যদি আপনার আরো পরামর্শের প্রয়োজন হয়

লন্ডনের বেশিরভাগ পরামর্শ কেন্দ্রগুলি আর মুখোমুখি বসে পরামর্শ প্রদান করছে না। কেউ কেউ আপনাকে টেলিফোনে বা ইন্টারনেটের মাধ্যমে পরামর্শ দিতে পারেন। লন্ডনের পরামর্শ কেন্দ্রগুলির **একটি ইন্টারেক্টিভ ম্যাপ এখানে দেয়া হল** । **একটি তালিকাতে তাদের বিবরণও আমরা প্রদান করেছি।** তারা টেলিফোনে পরামর্শ দিতে পারবেন কি না তার বিবরণের জন্য প্রত্যেক পরামর্শ কেন্দ্রের ওয়েবসাইট দেখুন।

যদি কর্মক্ষেত্রের কোন সমস্যা নিয়ে আপনার আলোচনা করার প্রয়োজন হয়, তবে ০৩০০ ১২৩ ১১০০ নম্বরে **এসিএএস** হেল্পলাইনে কল করুন।

নন-ইউকে লন্ডনবাসীদের জন্য এমন বিশেষজ্ঞ সংস্থাসমূহ আছে যারা নির্দিষ্ট সহযোগীতা প্রদান করতে পারে। **ইউনাইটেড ভয়েসেস অব দ্য ওয়ার্ল্ড**, **ওয়ার্ক রাইটস সেন্টার**, **ইস্ট ইউরোপিয়ান রিসোর্স সেন্টার** এবং **ল্যাটিন আমেরিকান ওমেন'স রাইটস সার্ভিস** টেলিফোনের মাধ্যমে বিভিন্ন ভাষায় সহযোগীতা প্রদান করতে পারে। **নন-ইউকে দেশীয়দের জন্য আরো বেশি পরামর্শ ও নির্দেশনা সম্বলিত একটি সহযোগীতা পেজও** আমাদের কাছে আছে।

যদি কোভিড-১৯ মহামারীর কারণে আপনাকে কাজ থেকে বিরতি নিতে হয় বা আপনার উপার্জন কমে গিয়ে থাকে, তবে তা অত্যন্ত মানসিক চাপের কারণ হতে পারে। ফলশ্রুতিতে,

আপনি অতিরিক্ত মানসিক উদ্বিগ্নতা, মন খারাপ বা অবসাদে ভুগতে পারেন। আপনার সহযোগীতা করতে পারে এমন **বিসোর্স ও সহযোগীতা** থ্রাইব লন্ডনের মাধ্যমে উপলব্ধ আছে।

কোভিড-১৯ মহামারীর কারণে আপনার উপার্জন কমে গিয়ে থাকলে, আপনি একটি বাজেট ফরম পূরণ করতে পারেন। চ্যারিটি মানি ও মেন্টাল হেলথ **একটি ফরম তৈরি করেছে** যেখানে আপনি আপনার সকল উপার্জন ও খরচ লিখতে পারেন এবং তার সাহায্যে আরো ভালোভাবে বুঝতে পারেন যে উপার্জন হ্রাস হওয়ার কারণে আপনি কিভাবে প্রভাবিত হবেন।

তাদের কাছে করোনাভাইরাস মহামারীর সময়ে মানসিক স্বাস্থ্য ও অর্থ সম্পর্কিত আরো **সহযোগীতা ও নির্দেশনাবলী** আছে।

যদি আপনার উপার্জন সংক্রান্ত পরিবর্তন বোঝা ও এই বিষয়ে আলোচনা করতে আরো সহযোগীতার প্রয়োজন হয়, তবে পলিসি ইন প্র্যাকটিসের প **বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলীর (এফএকিউ) একটি তালিকা ও একটি অনলাইন চ্যাটরুম** আছে।

টিইউসি'এর কাছে করোনাভাইরাস ও কাজ সম্পর্কিত বিষয়াবলী নিয়ে **ওয়েবিনারসমূহের** একটি সিরিজ আছে।

# সমান আচরণ পাওয়া

অনেকগুলি অধিকার আছে যেগুলি এটি নিশ্চিত করে যে আপনার সাথে কাজের জায়গায় সমান আচরণ করা হচ্ছে।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছ কিছু শুধুমাত্র কিছু নির্দিষ্ট চাকুরির পরিস্থিতি সম্বলিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য (যেমন একজন কর্মচারী , বা একজন কর্মী))

## সমান আচরণ

### বৈষম্য (Discrimination) এবং হেনস্থা (harassment)

আপনি যার জন্য কাজ করছেন তিনি আপনার সাথে ভিন্নভাবে আচরণ করতে পারেন না নিম্নলিখিত কারণে:

- আপনার বয়স
- আপনার কোন বিকলাঙ্গ থাকলে
- আপনি ক্লীবলিঙ্গের (হিজড়া)
- আপনি বিবাহিত বা একজন সিভিল পার্টনার আছে
- আপনি গর্ভবতী বা কাজ থেকে ছুটি নিয়েছেন সম্প্রতি শিশু প্রসবের কারণে।

- আপনার গায়ের রং, জাতীয়তা বা নৃতাত্বিক/জাতীয় উৎসসহ, আপনার জাতি
- আপনার ধর্ম, বিশ্বাস বা ধর্ম/বিশ্বাসের অভাবের কারণে
- আপনার লিঙ্গ
- আপনার যৌনতার বিশিষ্টতার কারণে

যদি তারা এমনটি করেন তবে তারা আইন লঙ্ঘন করছেন। একে বৈষম্য ( **discrimination)** বলে। তারা আপনাকে অস্বস্তিতে, ভীত, নিকৃষ্ট অনুভব করাতে বা উপরোক্ত কারণে আপনার জন্য বিরূপ পরিবেশের সৃষ্টিও করতে পারেন না।
একে হেনস্থা ( **harassment)** বলা হয়।

এর মধ্যে যৌন নির্যাতনও **(sexual harassment)** পড়ে, যা যেকোন যৌনতামূলক আচরণ হতে পারে যা আপনাকে অস্বস্তিতে ফেলে, ভীত করে, নিকৃষ্ট অনুভব করায় বা আপনার জন্য বিরূপ পরিবেশের সৃষ্টি করে।

কর্মচারী এবং কর্মীরা বৈষম্য ও হেনস্থা থেকে সুরক্ষিত। আপনি স্ব-নিযুক্ত হলেও সুরক্ষিত হতে পারেন।

আমার মনে হয় আমার বৈষম্য ও হেনস্থা নিয়ে সমস্যা আছে।

[দ্য ইকোয়ালিটি এন্ড হিউমান রাইটস (ইএইচআরসি) **(the Equality and Human Rights Commission (EHRC))**]() -এর ওয়েবসাইটে বৈষম্য ও হেনস্থা নিয়ে আরো বিস্তৃত বিবরণ আছে।

সিটিজেন অ্যাডভাইস ( Citizens Advice ) ওয়েবসাইটে [একটি চেকার টুলও **(a checker tool)**]() আছে যা আপনাকে এটি বুঝতে সাহায্য করবে যে আপনার সাথে খারাপ আচরণ করা হচ্ছে কি না।

## আপনি খন্ডকালীন কাজ করে থাকলে আপনার অধিকারসমূহ

### খন্ডকালীন কাজ

বেশিরভাগ সময় যার জন্য আপনি কাজ করছেন তিনি আপনার সাথে ভিন্নভাবে আচরণ করতে পারেন না যদি আপনি তাদের কাছে খন্ডকালীন কাজ করে থাকেন। যিনি পূর্ণকালীন কাজ করেন তার মত একই অধিকার তাদেরকে আপনাকে অবশ্যই দিতে হবে।

শুধুমাত্র কর্মচারী ও কর্মীদের জন্য খন্ডকালীন অধিকার আছে।

### আমার মনে হয় আমার সাথে খারাপ আচরণ করা হচ্ছে কারণ আমি খন্ডকালীন কাজ করি:

খন্ডকালীন কর্মীদের অধিকার সম্পর্কে আরো তথ্য আছে দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইটে ( **the government's website).** ।

## কাজের জায়গায় কিছু খারাপ কিছুর রিপোর্ট করা

### গোপন তথ্য ফাঁসকারীর **(whistleblowers)** জন্য সুরক্ষা

মাঝেমধ্যে আপনি যার জন্য কাজ করেন তাকে বা অন্য কাউকে আপনার বলা উচিত যে কাজের জায়গায় কি বাজে জিনিস হচ্ছে সে সম্পর্কে যেটি অনেক লোকজনকে বা সাধারণ জনগণকে প্রভাবিত করতে পারে। এটিকে গোপন তথ্য ফাঁস করা **(whistleblowing)** বলে।
আপনি যদি এমনটি করেন, আপনি যার জন্য কাজ করেন তিনি আপনার সাথে বাজে আচরণ করতে বা চাকরি থেকে বরখাস্ত করতে পারেন না।

ফাঁসকারী অধিকারসমূহ ( Whistleblower rights ) কর্মচারী ও কর্মীদের জন্য শুধুমাত্র।

### আমার মনে হয় যে গোপন তথ্য ফাঁসের কারণে আমার সাথে খারাপ আচরণ করা হয়েছে।

_দ্য প্রটেক্ট ওয়েবসাইটে **(the Protect website)** ফাঁসকারীদের জন্য সুরক্ষা সম্পর্কে আরো তথ্য আছে। এরা একটি চ্যারিটি যারা

ফাঁসকারীদের কাছে গোপনীয় সহযোগীতা ও পরামর্শ প্রদান করে থাকে।

## হিংস্রতা, হুমকি বা নিয়ন্ত্রণশীল আচরণ থেকে সুরক্ষা

### আধুনিক দাসত্ব (Modern Slavery)

আপনি যার জন্য কাজ করেন তিনি আপনাকে আঘাত করে বা হুমকি দিয়ে জোর করে কাজ করাতে পারেন না। যদি আপনি তাদের জন্য কাজ করতে না চান তবে তাদের উচিত আপনাকে যেতে দেওয়া। তারা যদি না করে তবে তারা আইন লঙ্ঘন করছেন। এটিকে আধুনিক দাসত্ব ( **Modern Slavery)** বলা হয়।

আধুনিক দাসত্ব একটি দণ্ডনীয় অপরাধ। এর অর্থ হল এই যে প্রত্যেকে সুরক্ষিত তার চাকুরির পরিস্থিতি বা অভিবাসন পরিস্থিতি যাই হোক না কেন।

### আমি আধুনিক দাসত্বের লক্ষণগুলি কিভাবে চিহ্নিত করব?

দ্য মডার্ন স্লেভারি হেল্পলাইন ওয়েবসাইটে ( **Modern Slavery Helpline website)** আধুনিক দাসত্বের লক্ষণগুলি সম্পর্কে আরো তথ্য আছে যা চ্যারিটি আনসিন ( Unseen ) দ্বারা পরিচালিত।

দ্য মেট্রোপলিটন পুলিশ ওয়েবসাইটটিতে **(the Metropolitan Police website)** আরো উপযোগী তথ্যাবলী আছে।

## আধুনিক দাসত্ব সম্পর্কে আমি কিভাবে রিপোর্ট করব?

আপনি যদি নিজে বা আপনার পরিচিতি কোন ব্যক্তির আধুনিক দাসত্বের শিকার হয়ে থাকেন, তবে এটি সম্পর্কে জানানোর (রিপোর্ট করা) অনেক উপায় আছে:

- আপনি ০৮০০০ ১২১ ৭০০ নম্বরে মডার্ন স্লেভারি হেল্পলাইনে কল করতে পারেন। আপনার নাম তাদেরকে বলতে হবে না। এটি দিনে ২৪ঘন্টা, বছরে ৩৬৫ দিন খোলা থাকে। দ্য মডার্ন স্লেভারি হেল্পলাইন ওয়েবসাইটে (**the Modern Slavery Helpline website)** আপনি অন্যান্য যেসকল উপায়ে সহযোগীতা বা পরামর্শ পেতে পারেন সে সম্পর্কিত তথ্যাবলী আছে:

- ১০১ নম্বরে কল করে বা তাদের অনলাইন ফরম ব্যবহার করে মেট্রোপলিটন পুলিশকে আধুনিক দাসত্ব নিয়ে জানাতে পারেন।

- যদি টাটকা উৎপাদনশিল্প সম্পর্কিত হয়, তবেদ্য গ্যাংমাস্টার্স এন্ড লেবার এবিউস অথোরিটি **(the Gangmasters and Labour Abuse Authority )**এর সাথে যোগাযোগ করুন।

- কোন জরুরি অবস্থা বা কোন অপরাধ কর্ম ঘটে থাকলে ৯৯৯ নম্বরে কল করুন।

- আপনি ০৮০০ ৫৫৫ ১১১ নম্বরে ক্রাইমস্টপারসকে কল করে বেনামে আধুনিক দাসত্ব সম্পর্কে জানাতে পারেন।

## একটি ট্রেড ইউনিয়ন (Trade Union)–এর সদস্য হোন

### ট্রেড ইউনিয়ন (Trade Union)–এ যোগদান করার অধিকার

আপনি যার জন্য কাজ করেন তিনি আপনার সাথে ভিন্ন আচরণ করতে পারেন যদি আপনি ট্রেড ইউনিয়ন (Trade Union) -এর একজন সদস্য হন বা আপনি কোন একটিতে যোগদান করতে চান। আপনি কোন ইউনিয়নের সদস্য সেটি কোন ব্যাপার না।

একটি ট্রেড ইউনিয়ন (Trade Union) -এ যোগদান করার অধিকার শুধুমাত্র কর্মচারী ও কর্মীদের জন্য।

### ট্রেড ইউনিয়ন (Trade Union) সমূহ কি কি?

একটি ট্রেড ইউনিয়ন (Trade Union) হল এমন একটি সংস্থা যা এমন সব কর্মীদের নিয়ে তৈরি যারা আপনি যার জন্য কাজ করেন তাকে দিয়ে আপনার সাথে ভাল আচরণ করিয়ে নেয়। আপনি একটি ট্রেড ইউনিয়ন (Trade Union) –এর সদস্য হয়ে গেলে তারা আপনার কাজের জায়গায় যদি আপনার কোন সমস্যা থাকে তবে সে ব্যাপারে তারা সহযোগীতা করতে পারে। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনার ইতিমধ্যে যে সমস্যা আছে সে ব্যাপারে

সহযোগীতা করতে পারবে না, ট্রেড ইউনিয়ন (Trade Union) –এ যোগদান করার পর যে নতুন সমস্যা হবে সেগুলির করতে পারবে। আপনি যদি যথেষ্ট টাকা আয় না করেন তবে আপনাকে ট্রেড ইউনিয়ন (Trade Union) –এ যোগদান করতে বেশি একটা টাকা দিতে হবে না।

দ্য ট্রেড ইউনিয়ন কংগ্রেস (টিইউসি) ওয়েবসাইট **the Trades Union Congress (TUC) website** –এ ট্রেড ইউনিয়ন (Trade Union) –এর সম্পর্কে আরো সাধারণ তথ্যাবলী আছে।

একটি ইউনিয়নের দ্য টিইউসি'স অনলাইন টুল **TUC's online tool** ব্যবহার করে দেখুন যদি আপনি ট্রেড ইউনিয়ন (Trade Union) -এ যোগদান করতে ইচ্ছুক হন।

আমার মনে হয় আমার সাথে ভিন্ন আচরণ করা হয় কারণ আমি একজন ট্রেড ইউনিয়ন **(Trade Union) -**এর সদস্য।

দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইট **the government's website**–এ ট্রেড ইউনিয়ন (Trade Union) –এর আপনার যোগদান করার অধিকার সম্পর্কে আরো তথ্য আছে।

নিরপেক্ষ এবং সমান ব্যবহার পাওয়া সম্পর্কে বিশেষজ্ঞের পরামর্শ আমি কোথায় পেতে পারি**?**

ফোনে বা ইমেইলের মাধ্যমে

- আপনি যদি বৈষম্য বা হেনস্থা হওয়া সম্পর্কিত সহযোগীতা বা পরামর্শ পেতে চান তবে ইকোয়ালিটি অ্যাডভাইজন এন্ড সাপোর্ট সার্ভিসেস (ইএএসএস) [the Equality Advisory and Support Service (EASS)] এ ০৮০৮ ৮০০ ০০৮২ নম্বরে টেলিফোন করে বা ০৮০৮ ৮০০ ০০৮৪ নম্বরে টেক্সটফোন করতে পারেন।

- আপনি যদি বেনিফিটসমূহ দিয়ে জীবিকা নির্বাহ করে থাকনে বা আপনার আয় বেশ নিম্ন পরিমাণের হয় এবং আপনি বৈষম্য সম্পর্কে পরামর্শ চান তবে আপনি কমিউনিটি লিগাল এডভাইস (Community Legal Advice)-কে ০৩৪৫ ৩৪৫ ৪৩৪৫ নম্বরে ফোন করুন।

- আপনার যদি মনে হয় যে আপনার সাথে অনিরপেক্ষ আচরণ করা হয়েছে কারণ আপনি বা আপনার সঙ্গীর দত্তক সন্তান আছে বা গ্রহণ করেছেন তবে আপনি ম্যাটারনিটি একশনকে ০৮০৮ ৮০২ ০০২৯ নম্বরে টেলিফোন করতে পারেন।

- আপনি যদি বিকলাঙ্গ হয়ে থাকেন এবং আপনার চাকুরি সংক্রান্ত অধিকার সম্পর্কে পরামর্শ চান তবে ডিজ্যাবালিটি ল’ সার্ভিস (ডিএলএস) [Disability Law Service (DLS)]-কে ০২০৭ ৭৯১ ৯৮০০ নম্বরে যোগাযোগ করতে পারেন বা advice@dls.org.uk ইমেইল ঠিকানায় ইমেইল করতে পারেন।

- আপনি যদি হুইসলব্লোয়ার (গোপন তথ্য ফাঁসকারী)-এর জন্য সুরক্ষা পাওয়া সম্পর্কিত পরামর্শ চান, তবে আপনি চ্যারিটি প্রোটেক্টকে ০২০ ৩১১৭ ২৫২০ নম্বরে টেলিফোন করতে পারেন। আপনার নাম তাদেরকে বলতে হবে না। আপনি প্রোটেক্ট সম্পর্কে তাদের ওয়েবসাইটে তাদের সাথে যোগাযোগ করার অন্যান্য উপায়সমূহ সহ আরো কিছু পেতে পারেন।

- আপনি যদি ট্রেড ইউনিয়নের (Trade Union) একজন সদস্য হতে চান তবে তাদের সাথে পরামর্শের জন্য সরাসরি যোগাযোগ করতে পারেন।

- আপনি যদি একজন নারী হন এবং যৌন হেনস্থা আইন সম্পর্কে পরামর্শ পেতে চান তবে রাইটস অব ওম্যান সেক্সুয়াল হ্যারাসমেন্ট (Rights of Women Sexual Harassment)-এর সাথে ০২০২ ৭৪৯০ ০১৫২ নম্বরে ওয়ার্ক ফ্রি লিগ্যাল এডভাইস লাইনে যোগাযোগ করতে পারেন।

## বেতন এবং পেনশনসমূহ (Pay and pensions)

অনেকগুলি এমন অধিকার আছে যা এটি নিশ্চিত করে যে আপনার চাকুরিদাতা আপনি যে কাজ করেন তার উপযুক্ত পরিমাণ অর্থ আপনাকে বেতন হিসেবে প্রদান করেন, এবং আপনার অবসরের জন্য সংরক্ষণ করতে আপনাকে সহযোগীতা করে থাকেন।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছু কিছু শুধুমাত্র একটি নির্দিষ্ট চাকুরির পরিস্থিতি সম্বলিত লোকদের জন্য প্রযোজ্য (যেমন একজন কর্মচারী, বা একটি কর্মী)।

### প্রত্যেক ঘন্টায় আমার কতটা বেতন পাওয়া উচিত?

#### জাতীয় ন্যূনতম বেতন (The National Minimum Wage) এবং জাতীয় লিভিং বেতন (the National Living Wage)

সাধারণত আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে যে কাজ আপনি করেন তার জন্য প্রতি ঘন্টা হিসেবে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করে থাকেন।

আপনার বয়সের উপর ভিত্তি করে আপনি কত পাবেন তা ভিন্ন হতে পারে। আপনি যদি ২৫বছরের নিচের বয়সী হন তবে এটিকে জাতীয় ন্যূনতম বেতন (The National Minimum Wage) বলা হয়। আপনি যদি ২৫বছরের উপরের বয়সী হন তবে

এটিকে জাতীয় লিভিং বেতন (**the National Living Wage**) বলা হয়।

এই পরিমাণটি সরকার দ্বারা নির্ধারিত এবং তারা এটি প্রতি এপ্রিলে পরিবর্তন করতে পারে। সর্বশেষ রেটসমূহ দেখুন ।

জাতীয় ন্যূনতম বেতন এবং জাতীয় লিভিং বেতন কর্মচারী এবং কর্মীদের জন্য শুধুমাত্র।

আমার মনে হয় আমি ন্যূনতম বা লিভিং বেতনের থেকে কম পাচ্ছি।

কিছু ভাল পরামর্শ আছে এবং মাই পে লনডন ওয়েবসাইট (**My Pay London website)** -এ উপকারী টুল আছে আপনি সঠিক পরিমাণের বেতন পাচ্ছেন কিনা তা পরীক্ষা করার জন্য। ওয়েবসাইটটি চ্যারিটি লিগাল একশন গ্রুপ (Legal Action Group) দ্বারা পরিচালিত।

আপনি যদি কোন ইন্টার্নশিপ করতে থাকেন, তবে আপনার চাকুরির পরিস্থিতির উপর নির্ভর আপনি কত বেতন পাবেন। দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইট **(the government's website)** -এ আপনি ইন্টার্ন হলে আপনার কি কি অধিকার আছে সে সম্পর্কে উপকারী তথ্যাবলী আছে।

## নিশ্চিত করুন যে আপনার বেতনসমূহ সঠিক পরিমাণের

### বেআইনি কাটতি **(Unlawful deductions)**

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি শুধুমাত্র কর বা আপনি কাজ শুরু করার সময়ে সম্মত হয়েছিলেন এমন সব খরচের মত জিনিসের কারণে আপনার বেতন থেকে টাকা কেটে নিতে পারেন। এটি আপনার চুক্তিতে থাকা উচিত (যদি আপনার কাছে থাকে)

যদি তারা অন্য কোন কারণে টাকা নিয়ে নেন বা তারা আপনাকে একেবারেই টাকা পরিশোধ না করেন, তবে তারা হয়ত আইন ভঙ্গ করছেন।

একে বেআইনি কাটতি **(unlawful deductions)** বলা হয়।

বেআইনি কাটতিসমূহ থেকে আপনাকে রক্ষাকারী অধিকারসমূহ শুধুমাত্র কর্মচারী ও কর্মীদের জন্য।

আমার বেআইনি কাটতি নিয়ে সমস্যা আছে।

আপনার চাকুরিদাতা আপনার বেতন থেকে কেটে নিতে পারেন বা পারেন না সে সম্পর্কে দ্য **(the)** গর্ভানমেন্ট'স ওয়েবসাইট **(government's website)** –এ আরো তথ্য আছে।

মাই পে লন্ডন ওয়েবসাইট **(My Pay London website)** –এ আরো কিছু ভালো পরামর্শ এবং একটি উপকারী টুলও আছে আপনি সঠিক পরিমাণে বেতন পাচ্ছেন কি না তা পরীক্ষা করে দেখার জন্য। ওয়েবসাইটটি চ্যারিটি লিগাল একশন গ্রুপ (Legal Action Group) দ্বারা পরিচালিত।

## আপনার বেতন সম্পর্কিত লিখিত তথ্যাবলীর অধিকার

### আইটেম নির্ভর পেস্লিপ বা স্টেটমন্টে (Itemised payslips or statements)

যদি আপনি এটি চেয়ে থাকেন, আপনি যার কাজ করেন সেই ব্যক্তিকে অবশ্যই এটি লিখে দিতে হবে যে আপনি কত টাকা আয় করেছেন আপনাকে গতবার তারা যতটা পরিশোধ করেছেন সেই তুলনায়।

তাদেরকে এটিও লিখে রাখতে হবে যে করের মত জিনিসের কারণে তারা আপনার বেতন থেকে কতটা কেটে নিয়েছেন সেটি।

এটিকে আইটেম নির্ভর পে স্লিপ ( **Itemised Payslip)** বা আইটেম নির্ভর পে স্টেটমেন্ট ( **Itemised Pay Statement)** বলা হয়।

এপ্রিল ২০১৯-এর জন্য, পে স্লিপসমূহে আপনি যতঘন্টা কাজ করেছেন সে সম্পর্কিত তথ্যাবলীও অন্তর্ভূক্ত থাকতে হবে যেখানে আপনি ভিন্ন পরিমাণের বেতন পেয়েছিলেন, যেমন ওভারটাইম করার জন্য যদি বেশি বেতন পেয়ে থাকেন।

আপনার বেতন সম্পর্কিত লিখিত তথ্যের অধিকার শুধুমাত্র কর্মচারী এবং কর্মীদের জন্য।

### আমার আইটেম নির্ভর পে স্লিপ নিয়ে সমস্যা আছে।

দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইট (the government's website) –এ পেস্লিপ সম্পর্কে এবং এতে কি অন্তর্ভূক্ত থাকবে সে সম্পর্কে আরো তথ্য আছে।

## অবসরের খরচ সম্পর্কে সহযোগীতা

### ওয়ার্কপ্লেস পেনশনসমূহ (Workplace pensions)

আপনি যার জন্য কাজ করেন সেই ব্যক্তি আপনার বেতনের কিছু অংশ আলাদা করে রেখে দিতে পারেন যাতে আপনি যখন কাজ বন্ধ করার মত যথেষ্ট বৃদ্ধ হয়ে যাবেন তখন জীবন চালানোর মত আপনার কাছে যেন টাকা থাকে। এটিকে ওয়ার্কপ্লেস পেনশন ( **Workplace Pension)** বলা হয়।

আপনি যার জন্য কাজ করেন তিনি সাধারণত আপনার পেনশনে কিছু অতিরিক্ত অর্থ রাখবেন প্রত্যেকবার যখন আপনাকে বেতন দেয়া হবে।

আপনি তাদের না করার আক অব্দি তারা সাধারণত আপনাকে একটি ওয়ার্কপ্লেস পেনশন দেবেন। এটিকে অটোমেটিক এনরোলমেন্ট ( **automatic enrolment)** বলে।

ওয়ার্কপ্লেস পেনশনসমূহ শুধুমাত্র কর্মচারী এবং কর্মীদের জন্য।

## আমার ওয়ার্কপ্লেস পেনশনসমূহ নিয়ে একটি সমস্যা আছে।

ওয়ার্কপ্লেস পেনশন সম্পর্কে দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইট **(the government's website)** –এ আরো ভাল সাধারণ তথ্যাবলী আছে।

আপনার যদি মনে হয় যে ওয়ার্কপ্লেস পেনশন নিয়ে আপনার কোন সমস্যা আছে তবে আপনি কি করতে পারেন এবং কার সাথে আপনাকে কথা বলতে হবে সে সম্পর্কে পেনশনস রেগুলেটর ওয়েবসাইট **(Pensions Regulator website)** –এ কিছু ভালো পরামর্শ আছে। আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তার ব্যাপারে রিপোর্টও করতে পারেন ।

## বেতন ও পেনশন সম্পর্কিত বিশেষজ্ঞ পরামর্শ আমি কোথায় পেতে পারি?

### ফোনে বা ইমেইলের মাধ্যমে

- ওয়ার্কপ্লেস পেনশনসমূহ সম্পর্কে সাধারণ প্রশ্নের জন্য আপনি ০৮০০ ৭৩১ ০৩৭২ নম্বরে সরকারের ওয়ার্কপ্লেস পেনশন ইনফরমেশন লাইনে কল করতে পারেন। সোমবার থেকে শুক্রবার, সকাল ৮টা–সন্ধ্যা ৬টা অব্দি খোলা থাকে। যদি আপনি ফোনে কানে শুনতে বা কথা বলতে না পারেন তবে আপনি ১৮০০১ নম্বরে কল করতে পারেন পরে এনজিটি ( NGT ) টেক্সট রিলের জন্য ০৮০০ ৭৩১

০৩৭২ নম্বরে করতে পারেন। টেক্সটফোন নম্বরটি হল ০৮০০ ৭৩১ ০৩৯২ ।

- আপনার যদি অটোমেটিক এনলোলমেন্ট নিয়ে কোন সমস্যা হয বা আপনার ওয়ার্কপ্লেস পেনশন সম্পর্কিত পরামর্শের প্রয়োজন হয় তবে আপনি ০৮০০ ০১১ ৩৭৯৭ নম্বরে পেনশনস এডভাইজরি সার্ভিসকে ( Pensions Advisory Service ) কল করতে পারেন। এরা সোমবার থেকে শুক্রবার, সকাল ৯টা– বিকেল ৫টা অব্দি খোলা থাকে। তাদের ওয়েবসাইটে আরো তথ্য আছে তাদের সাথে আর অন্য কোন উপায়ে যোগাযোগ করা যেতে পারে, যেমন ওয়েবচ্যাটে বা পোস্টের মাধ্যমে, এই সব সম্পর্কে।

- আপনি যদি ওয়ার্কপ্লেস পেনশন নিতে হবে কি না এই সম্পর্কে তথ্য বা পরামর্শ চান তবে **দ্য (the) মানি এডভাইস সার্ভিস ওয়েবসাইট (Money Advice Service website)** এ অনেক ভালো তথ্যাবলী আছে। এর মধ্যে পরামর্শ টুল ও ক্যালকুলেটর আছে।

## আপনার চাকরি হারানো

অনেকগুলি অধিকার আছে যা আপনাকে সুরক্ষিত রাখে যখন আপনি যার জন্য কাজ করছেন তিনি আপনাকে চাকরি থেকে বের করে দেন বা চাকরির জায়গা বন্ধ হয়ে যাওয়াতে আপনি চাকরি হারান।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছু কিছু একটি নির্দিষ্ট চাকুরি পরিস্থিতি সম্বলিত লোকেদের প্রতি প্রযোজ্য (যেমন একজন কর্মচারী, বা একজন কর্মী)।

## অন্যায়ভাবে বা জোরপূর্বক আপনাকে চাকরি থেকে বের করে দেয়া

### অন্যায় চাকরিচ্যুতি (unfair dismissal) থেকে সুরক্ষা

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে চাকরি থেকে বের করে দিলে বা বরখাস্ত করলে, তারা আপনাকে অবশ্যই একটি ভালো কারণ দেবেন। যদি না করেন তবে তারা আইন ভাঙছেন।

এটিকে অন্যায় বরখাস্ত ( **unfair dismissal)** বলা হয়।

তারা আপনার সাথে খারাপ আচরণও করতে পারেন না যাতে আপনি আপনার চাকরি ছেড়ে দিতে বাধ্য হন যখন আপনি তা করতে না চান।

এটিকে গঠনমূলক বরখাস্ত ( **constructive dismissal)** বলে এবং এটি এক ধরনের অন্যায় বরখাস্ত।

অন্যায় বরখাস্ত থেকে সুরক্ষা শুধুমাত্র কর্মচারীদের জন্য।

আমার মনে হয় আমাকে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছে।

[সিটিজেনস এডভাইস ওয়েবসাইটের ( the Citizens Advice website)](#) [ধাপগুলি অনুসরণ করে](#) আপনি পরীক্ষা করে দেখতে পারেন যে আপনাকে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছে কি না।

## আপনার চাকুরির জায়গা বন্ধ বা স্থানান্তর হওয়ায় আপনার চাকরি চলে গিয়ে থাকলে আপনি অতিরিক্ত টাকা পেতে পারতেন

### বিধিবদ্ধ অতিরিক্ত বেতন **(Statutory Redundancy Pay)**

মাঝেমাঝে আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি হয়ত আপনাকে চলে যেতে দেবেন যদি তাদেরকে যতজন লোক তাদের জন্য কাজ করে সেই সংখ্যা কমানোর প্রয়োজন হয় তবে।

এটিকে অবাঞ্ছিত তৈরি করা **( being made redundant)** বলা হয়।

যদি এমনটি আপনার সাথে হয়ে থাকে তবে যে ব্যক্তির জন্য আপনি কাজ করেছেন তিনি আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণের অর্থ পরিশোধ করবেন আপনি তাদের কতদিন কাজ করেছেন সেটির উপরে ভিত্তি করে।

এটিকে বিধিবদ্ধ অতিরিক্ত বেতন(এসআরপি)**[ Statutory Redundancy Pay (SRP)]** বলা হয়।

বিধিবদ্ধ অতিরিক্ত বেতন শুধুমাত্র কর্মচারীদের জন্য। এটি তখনই প্রযোজ্য হয় যদি আপনি আপনার চাকুরিদাতার জন্য দুইবছর বা তার বেশি সময় ধরে কাজ করে থাকেন।

আমার মনে হয় আমার অতিরিক্ত বেতন নিয়ে সমস্যা আছে।

দ্য গর্ভানমেন্ট'স ওয়েবসাইট **(the government's website)** –এ অতিরিক্ত বেতন নিয়ে আরো সাধারণ তথ্যাবলী আছে।

যদি আপনাকে অবাঞ্ছিত করা হয় এবং আপনি যদি জানতে চান যে আপনার কতটা অর্থ পাওয়া উচিত, তবে আপনি সরকারের রিডান্ডেন্সি পে ক্যালকুলেটর টুল **(redundancy pay calculator tool)** ব্যবহার করে দেখতে পারেন।

## চাকরি থেকে বের করে দিলে বা চাকরি হারানোর পর আপনি কতদিন কাজ করে যেতে পারেন।

বিধিবদ্ধ নোটিশ সময়সীমা **(Statutory Notice Periods)** এবং বিধিবদ্ধ রিডান্ডেন্সি নোটিশ **(Statutory Redundancy Notice)**

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে চাকরি থেকে বের করে দেন বা চাকরি ছাড়িয়ে দেন, তবে আপনার চলে যাওয়ার আগে তাদের আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ সময় দিতে হতে পারে।

এটিকে **বিধিবদ্ধ নোটিশ সময়কাল (Statutory Notice Period)** বলা হয় যদি আপনাকে চাকরি থেকে বের করে দেয়া হয়, বা **বিধিবদ্ধ রিডান্ডেন্সি নোটিশ (Statutory Redundancy Notice)** বলে যদি আপনার চাকরি চলে যায়।

আপনার নোটিশ সময়কাল কতটা দীর্ঘ হবে তা আপনি চাকরিতে কতদিন আছেন তার উপর নির্ভর করে।

যদি আপনার একটি চুক্তি থাকে তবে আপনি একটি ভিন্ন নোটিশ সময়কালের প্রতি সম্মত হতে পারেন। এটিকে চুক্তিনির্ভর নোটিশ সময়কাল ( **Contractual Notice Period)** বলা হয়।

আপনাকে সরাসরি কাজ ছাড়তে হতে পারে যদি আপনি কোন কিছু খুব খারাপ করার ফলে আপনাকে চাকরি থেকে বের করে দেয়া হয়। এটিকে বাজে দুর্ব্যবহার ( **gross misconduct)** বলা হয়।

নোটিশ সময়কালের অধিকার শুধুমাত্র কর্মচারীদের জন্য।

## আমার নোটিশ সময়কালেও কি বেতন পাব?

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে আপনার পুরো বেতন দিতে থাকবেন আপনার নোটিশ সময়কাল চলাকালে।

মাঝেমাঝে তারা আপনাকে সোজা চলে যেতে বলতে পারেন কিন্তু আপনার বেতন পরিশোধ করবেন যা আপনি আপনার নোটিশ সময়কালে উপার্জন করেছেন।

এটিকে নোটিশ সংশ্লিষ্ট বেতন বলা হয়।

আমার মনে হয় আমার নোটিশ সময়কাল বা বেতন নিয়ে সমস্যা আছে।

সিটিজেন এডভাইস ওয়েবসাইট (Citizens Advice website) –এ নোটিশ সময়কাল ও বেতন সম্পর্কে আরো বিস্তারিত তথ্যাবলী আছে।

মাইপে লন্ডন ওয়েবসাইটে (MyPay London website ) এই টুলটি ব্যবহার করে আপনাকে সঠিক নোটিশ সময়কাল ও বেতন দেয়া হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখুন।

## আপনি যে কোম্পানিতে চাকরি করেন সেটির মালিকানা পরিবর্তন হয়ে গেলে সেক্ষেত্রে সুরক্ষা

### টিইউপিই (মালিকানা স্থানান্তর (চাকুরির সুরক্ষা) [TUPE (Transfer of Undertakings (Protection of Employment))]

আপনি যে কোম্পানিতে চাকরি করেন তার মালিকানার পরিবর্তন হলে সাধারণত একই নীতি ও শর্তাবলীর অধীনে আপনার চাকরিটি আপনার থাকার কথা। যদি আপনার না থাকে তবে নতুন মালিক হয়ত আইন লঙ্ঘন করছেন।

আপনি **মালিকানা স্থানান্তর (চাকুরির সুরক্ষা )[Transfer of Undertakings (Protection of Employment)]** বা সংক্ষেপে **টিইউপিই (TUPE)** নামক একটি আইন দ্বারা সুরক্ষিত।

আপনি টিইউপিই দ্বারা কখন সুরক্ষিত এটি জানা বেশ কঠিন। উদাহরণস্বরূপ, আপনার কোম্পানির নতুন মালিকরা আপনাকে চাকরি থেকে অপসারণ করতে পারেন যদি কোম্পানির কোন টাকা না থাকে।

তারা বিভিন্ন নিয়মও বানাতে পারেন আপনি যে ধরনের চাকরি করেন তার উপর ভিত্তি করে আপনার পেনশনের ক্ষেত্রে কি হবে (যদি আপনার একটি থাকে) সে সম্পর্কে।

টিইউপিই-এর অধীনের সুরক্ষা শুধুমাত্র কর্মচারীদের জন্য।

## আমার মনে হয় টিইউপিই-এর অধীনে আমার অধিকার সংক্রান্ত একটি সমস্যা আছে।

আপনি যে কোম্পানিতে কাজ করেন সেটির মালিকানা পরিবর্তন হলে আপনার অধিকার সম্পর্কে ওয়ার্কস্মার্ট ওয়েবসাইট (**Worksmart website**) এ কিছু ভালো তথ্য আছে।

# পরিবার ও অভিভাবক

অনেকগুলি অধিকার আছে যা আপনাকে সুরক্ষিত রাখে যখন আপনি ও আপনার সঙ্গীর একটি শিশু থাকে, বা দত্তক নেন।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছু কিছু একটি নির্দিষ্ট চাকুরি পরিস্থিতি সম্বলিত লোকেদের জন্য শুধুমাত্র প্রযোজ্য (যেমন একজন কর্মচারী, বা একজন কর্মী)

## ছুটি গ্রহণ এবং বেতন যখন আপনার শিশুর জন্ম হবে

### মাতৃত্বকালীন ছুটি (Maternity leave)এবং মাতৃত্বকালীন বেতন(maternity pay)

আপনার যদি শিশু প্রসবের সময় আসে, আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে অবশ্যই একটি নির্দিষ্ট সময়ের জন্য ছুটি প্রদান করবেন। এটিকে বিধিবদ্ধ মাতৃত্বকালীন ছুটি ( **Statutory Maternity Leave)** বলা হয়।

আপনি কাজে না থাকাকালীন তারা অবশ্যই আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে থাকবেন। এটিকে বিধিবদ্ধ মাতৃত্বকালীন বেতন ( **Statutory Maternity Pay)** বলা হয়।

বিধিবদ্ধ মাতৃত্বকালীন ছুটি শুধুমাত্র কর্মচারীদের জন্য।

বিধিবদ্ধ মাতৃত্বকালীন বেতন সকল কর্মচারী এবং কিছু কর্মীদের জন্য যারা তাদের চাকরিতে একটি নির্দিষ্ট সময় ধরে আছেন এবং একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উপার্জন করেছেন।

আপনি যদি মাতৃত্বকালীন বেতন না পান, তবে আপনি সরকারের কাছ থেকে, যেমন মাতৃত্বকালীন ভাতা( Maternity Allowance ), এর মত অন্যান্য আর্থিক সহযোগীতা পেতে পারেন।

সরকারের আরো বিস্তারিত বিবরণ তাদের ওয়েবসাইটে আছে।

আপনি কি কি পাওয়ার অধিকারী তা হিসেব করার জন্য একটি উপযুক্ত টুলও তাদের কাছে আছে।

## আপনার সঙ্গী যখন গর্ভবতী তখন ছুটি ও বেতন

### পিতৃত্বকালীন ছুটি এবং বেতন

যদি আপনার সঙ্গী গর্ভবতী হন বা আপনি তার সাথে একটি শিশু দত্তক নেন, আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে অবশ্যই একটি নির্দিষ্ট পরিমাণ সময় প্রদান করবেন। এটিকে বিধিবদ্ধ পিতৃত্বকালীন ছুটি **(Statutory Paternity Leave)** বলা হয়।

আপনি কাজে না থাকাকালীন তারা অবশ্যই আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে থাকবেন। এটিকে বিধিবদ্ধ পিতৃত্বকালীন বেতন ( **Statutory Paternity Pay)** বলা হয়।

আপনার সঙ্গী গর্ভবতী থাকাকালীন তার সাথে চেক আপের জন্য যেতে আপনি কিছু অবৈতনিক ছুটিও নিতে পারেন।

বিধিবদ্ধ পিতৃত্বকালীন ছুটি শুধুমাত্র কর্মচারীদের জন্য।

বিধিবদ্ধ পিতৃত্বকালীন বেতন সকল কর্মচারী ও কিছু কর্মীদের জন্য যারা একটি নির্দিষ্ট সময় ধরে তাদের চাকরি করছেন এবং একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উপার্জন করেছেন।

সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্যাবলী আছে।

আপনার কি কি পাওয়ার অধিকার আছে সেগুলি হিসেব করার একটি উপযুক্ত টুলও তাদের কাছে আছে।

## আপনার শিশু প্রসবের পর আপনার সঙ্গীর সাথে ছুটি ও বেতন ভাগ করে নেয়া।

### ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি এবং ভাগ করে নেয়া অভিভাবকীয় বেতন

যদি আপনি ও আপনার সঙ্গীর একটি শিশু থাকে বা দত্তক নিচ্ছেন, তবে আপনি একটি নির্দিষ্ট পরিমাণ ছুটি ভাগ করে নিতে পারবেন। এটিকে ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি ( **Shared Parental Leave)** বলা হয়।

আপনি যাদের জন্য কাজ করেন তারা আপনার ছুটির সময়ে একটি নির্দিষ্ট পরিমাণের অর্থ পরিশোধ করতে থাকবেন।

এটিকে **ভাগ করে নেয়া অভিভাবকীয় বেতন ( Shared Parental Pay)** বলা হয়।

ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি **শুধুমাত্র কিছু কর্মচারীদের** জন্য এবং ভাগ করে নেয়া অভিভাবকীয় বেতন **কিছু কর্মচারী ও কিছু কর্মীদের জন্য।**

আপনি কতটুকু ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি বা বেতন পাবেন তা বের করা বেশ কঠিন ব্যাপার কারণ এটি আপনার সঙ্গীর চাকুরির পরিস্থিতির উপরে ও আপনারা দুজনেই কতটা উপার্জন করেন তার উপর নির্ভর করে।

সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্যাবলী আছে।

আপনি কি কি পাওয়ার অধিকারী তা হিসেব করার একটি উপযুক্ত টুলও তাদের আছে।

## যদি আপনি ও আপনার সঙ্গী একটি শিশুকে দত্তক নেন তবে ছুটি ও বেতন

### বিধিবদ্ধ দত্তকগ্রহণকালীন বেতন এবং বিধিবদ্ধ দত্তকগ্রহণকালীন ছুটি

যদি আপনি, বা আপনি ও আপনার সঙ্গী, একটি শিশুকে দত্তক নেন তবে আপনি কিছু সময়ের জন্য ছুটি পেতে পারেন।

এটিকে বিধিবদ্ধ দত্তকগ্রহণকালীন ছুটি (**Statutory Adoption Leave)** বলা হয়।

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে আপনার ছুটির সময়ে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে থাকবেন। এটিতে বিধিবদ্ধ দত্তকগ্রহণ বেতন (**Statutory Adoption Pay)** বলা হয়।

শুধুমাত্র আপনাদের মধ্যে একজন দত্তকগ্রহণকালীন ছুটি বা বেতন দাবি করতে পারেন, কিন্তু অন্য সঙ্গী একটি পিতৃত্বকালীন ছুটি বা বেতনের দাবি করতে পারবেন।

আপনি ভাগ করে নেয়া অভিভাবকীয় ছুটি বা বেতনের দাবিও করতে পারেন।

বিধিবদ্ধ দত্তকগ্রহণকালীন ছুটি শুধুমাত্র কর্মচারীদের জন্য।

বিধিবদ্ধ দত্তকগ্রহণকালীন বেতন কর্মচারী ও কর্মীদের জন্য যারা একটি নির্দিষ্ট সময় ধরে চাকরিতে আছে এবং একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উপার্জন করেছেন।

সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্যাবলী আছে।

আপনার দত্তককালীন ছুটির পরিকল্পনায় আপনাকে সাহায্য করতে একটি উপযুক্ত টুলও তাদের কাছে আছে।

## একজন অভিভাবক হিসেবে বিশেষজ্ঞ পরামর্শ আমি কোথায় পেতে পারি?

- ম্যাটার্নিটি অ্যাকশন (Maternity Action) একটি জাতীয় চ্যারিটি যা কর্মক্ষেত্রে ও বেনিফিটসমূহে মাতৃত্বকালীন ও পিতৃত্বকালীন অধিকার সম্পর্কে বিনামূল্যের পরামর্শ প্রদান করে। আপনি তাদের ওয়েবসাইটে আরো তথ্যের জন্য দেখতে পারেন বা ০৮০৮ ৮০২ ০০৫৭ নম্বরে তাদের লন্ডন ম্যাটার্নিটি রাইটস এডভাইস লাইনে (London Maternity Rights Advice Line) কল করতে পারেন। এটি সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার ও শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর ১টা অব্দি খোলা থাকে।

# কাজ থেকে ছুটি নেয়া (Time off work)

অনেকগুলি এমন অধিকার আছে যার অর্থ হল আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তাকে আপনাকে একটি নির্দিষ্ট পরিমাণ ছুটি দিতে হবে।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছু কিছু একটি নির্দিষ্ট চাকুরি পরিস্থিতি সম্বলিত লোকেদের জন্য শুধুমাত্র প্রযোজ্য (যেমন একজন কর্মচারী, বা একজন কর্মী)

## ছুটি এবং বেতন যখন আপনি কাজ না করার মত যথেষ্ঠ অসুস্থ

### বিধিবদ্ধ অসুস্থতা বেতন(Statutory Sick Pay)

যদি আপনি কয়েক দিনের বেশি ছুটি নিয়ে থাকেন কারণ আপনি অসুস্থ ছিলেন, তবে আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে প্রত্যেক সপ্তাহে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করবেন।

এটিকে বিধিবদ্ধ অসুস্থতা বেতন ( **Statutory Sick Pay)** বলা হয়।

তাদেরকে শুধুমাত্র একটি নির্দিষ্ট সময়ের জন্য আপনাকে অর্থ পরিশোধ করতে হবে, কিন্তু যদি আপনার একটি চুক্তিনামা থাকে

তবে আপনি আরো বেশি বা দীর্ঘকালীনের জন্য অর্থ পেতে পারেন।

বিধিবদ্ধ অসুস্থতা বেতন শুধুমাত্র কর্মচারী এবং কর্মীদের জন্য।

আপনি সিটিজেনস এডভাইস (Citizens Advice) ওয়েবসাইটটে পরীক্ষা করে দেখতে পারেন যে আপনি অসুস্থ হলে অসুস্থতা বেতন পাওয়ার অধিকারী কি না ।

আমার মনে হয় আমরা অসুস্থতা ছুটি বা বেতন সংক্রান্ত একটি সমস্যা আছে।

আপনি পরীক্ষা করে দেখতে পারেন যে আপনি সঠিক অসুস্থতা বেতন পাচ্ছেন কি না মাইপে লন্ডন(**MyPay London**) ওয়েবসাইটের এই টুলটি ব্যবহার করার মাধ্যমে ।

## ছুটি গ্রহণ করা এবং ছুটিকালীন বেতন

### বার্ষিক ছুটি বা বিধিবদ্ধ ছুটি এনটাইটেলমেন্ট

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে প্রত্যেক বছর নির্দিষ্ট পরিমাণ কিছু দিনের ছুটি আপনাকে দেবেন, এবং তাদেরকে অবশ্যই সাধারণভাবে আপনাকে বেতন প্রদান করে যাবেন।

এটিকে বার্ষিক(Annual) ছুটি ( Leave) বা বিধিবদ্ধ ছুটি এনটাইটেলমেন্ট ( Statutory Leave Entitlement) বলা হয় (একে মাঝে মাঝে ছুটির এনটাইটেলমেন্ট(Holiday Entitlement) বলা হয়)

বিধিবদ্ধ ছুটি এনটাইটেলমেন্ট কর্মচারী এবং কর্মীদের জন্য।

সরকারের তাদের ওয়েবসাইটে ছুটি এনটাইটেলমেন্ট ও বেতন সম্পর্কিত আরো বিস্তারিত তথ্যাবলী আছে।

আমার মনে হয় আমার বার্ষিক ছুটি বা ছুটিকালীন বেতন নিয়ে সমস্যা আছে।

আপনি মাইপে লন্ডন ( MyPay London) ওয়েবসাইটে এই টুলটি ব্যবহার করে পরীক্ষা করে দেখতে পারেন যে আপনি যথেষ্ট পরিমাণে ছুটি পাচ্ছেন কি না।

## জরুরি অবস্থায় আপনি কতটা সময় ছুটি নিতে পারেন

### জরুরি অবস্থাকালীন ছুটি(Time off for emergencies)

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে আপনার নির্ভরশীল লোকেদের সংশ্লিষ্টতার কারণে জরুরি অবস্থা সামলাতে

অবশ্যই ছুটি দেবেন (যেমন আপনার পরিবার বা আপনি যার জন্য ভাবেন এমন)

এটিকে জরুরি অবস্থাকালীন ছুটি ( **time off for emergencies)** বা নির্ভরশীল ব্যক্তিদের জন্য ছুটি **(time off for dependents)** বলা হয়।

আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন আপনি ছুটিতে থাকাকালীন আপনাকে বেতন দিয়ে যেতে পারেন, কিন্তু তাদের এটা করা বাধ্যতামূলক নয়।

জরুরি অবস্থাকালীন ছুটির অধিকার শুধুমাত্র কর্মচারীদের জন্য।

সরকারের তাদের ওয়েবসাইটের আরো বিস্তারিত তথ্য আছে_জরুরি অবস্থায় ছুটি সম্পর্কে

## আপনার সন্তান থাকলে অবৈতনিক ছুটি

### অবৈতনিক অভিভাবকীয় ছুটি (Unpaid parental leave)

আপনার যদি সন্তান থাকে, তবে যে ব্যক্তির জন্য আপনি কাজ করছেন তাকে আপনাকে একটি নির্দিষ্ট সময়ের জন্য তাদের দেখাশোনা করার জন্য অবৈতনিক ছুটি নিতে দিতে হবে।

আপনার সন্তানেরা ১৮বছর না হওয়া অব্দি প্রত্যেক শিশুর জন্য আপনি ছুটি নিতে পারেন, কিন্তু প্রত্যেক বছর আপনি কতটা ছুটি নিতে পারবেন তার একটি সীমা আছে।

অবৈতনিক অভিভাবকীয় ছুটি শুধুমাত্র কর্মচারীদের জন্য। সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্য আছে অবৈতনিক অভিভাবকীয় ছুটি সম্পর্কে ।

## কাজের সময় এবং শর্তাবলী

এমন অনেকগুলি অধিকার আছে যা এটি নিশ্চিত করে যে কর্মক্ষেত্রে আপনি নিরাপদ আছেন এবং আপনার একটি সুস্থ কর্ম-জীবনের ভারসাম্য আছে।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই অধিকারগুলির কিছু কিছু একটি নির্দিষ্ট চাকুরি পরিস্থিতি সম্বলিত লোকেদের জন্য শুধুমাত্র প্রযোজ্য (যেমন একজন কর্মচারী, বা একজন কর্মী)

## কাজে যথেষ্ট বিরতি গ্রহণ

## বিশ্রাম বিরতি

আপনি যে ব্যক্তির জন্য কাজ করছেন তিনি আপনাকে কাজের জায়গায় থাকাকালীন অবশ্যই বিরতি নিতে দেবেন।

আপনি যে দিনগুলিতে কাজ করেন তার মাঝে এবং যে সপ্তাহগুলিতে কাজ করেন সেগুলির মাঝে তারা অবশ্যই আপনাকে যথেষ্ট বিরতিও নিতে দেবেন।

এগুলিকে কর্মক্ষেত্রে বিশ্রাম বিরতি ( **rest breaks at work**), প্রাত্যহিক বিশ্রাম ( **daily rest**) এবং সাপ্তাহিক বিশ্রাম **(weekly rest)** বলা হয়।

বিশ্রাম বিরতি সম্পর্কিত অধিকারগুলি শুধুমাত্র কর্মচারী ও কর্মীদের জন্য।

আপনার বয়স বা আপনি কি চাকরি করেন তার উপর ভিত্তি করে নিয়মাবলী ভিন্ন হতে পারে।

সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্য আছে ।

## কাজের জায়গায় নিরাপদ ও সুস্থ থাকা

### সুস্থ ও নিরাপদ (Health and Safety)

আপনি যার জন্য কাজ করেন সেই ব্যক্তি আপনাকে এমন কিছু করতে বাধ্য করবেন না যা আপনার স্বাস্থ্যকে খারাপ করে দেয়।
তারা অবশ্যই আপনার ও আপনার সাথে যারা কাজ করেন এমন অন্যান্য ব্যক্তিদের সাথে কথাও বলতে পারেন এটি নিশ্চিত করার জন্য যে আপনি যেখানে কাজ করেন সেই জায়গাটি নিরাপদ।

এটিকে কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা (**health and safety at work**) বলা হয়।
স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত অধিকার কর্মচারী ও কর্মীদের জন্য।

আপনি সুরক্ষিতও হতে পারেন যদি আপনি **স্ব-নিযুক্ত (self-employed)** হয়ে থাকেন যা আপনি কি কাজ করেন ও কোথায় কাজ করেন তার উপর নির্ভর করে থাকে।

হেলথ এন্ড সেফটি এক্সিকিউটিভ (এইচএসই)[ Health and Safety Executive (HSE)] তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্য রেখেছে ।

## স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত সমস্যা সম্পর্কে আমি কিভাবে রিপোর্ট করতে পারি?

আপনি যদি স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত সমস্যা নিজে সামলাতে অক্ষম হন, আপনি যার জন্য কাজ করেন সেই ব্যক্তিকে জানাতে পারেন।

কাকে আপনাকে বলতে হবে তা আপনি যে ধরনের কাজ করেন বা যেখানে কাজ করেন তার উপর নির্ভর করে।

আপনি বের করতে পারেন কাকে আপনার রিপোর্ট করা উচিত একটি সমস্যা সম্পর্কে হেলথ এন্ড সেফটি এক্সিকিউটিভ ওয়েবসাইটে গিয়ে ।

## কাজের জায়গায় আমার কোন দুর্ঘটনা ঘটে থাকলে আমার কি করা উচিত?

কিছু ভালো পরামর্শ আছে সিটিজেনস এডভাইস (Citizens Advice) ওয়েবসাইটে কাজের জায়গায় আপনার কোন দুর্ঘটনা ঘটলে কি করতে হবে সে সম্পর্কে।

## বাড়িতে কাজ করা বা আপনার সময় পাল্টে নেয়া

### নমনীয় কাজের অনুরোধ করার অধিকার (Right to request flexible working)

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তাকে আপনি অনুরোধ করতে পারেন আপনি যেভাবে কাজ করেন সেটিতে পরিবর্তন করানোর জন্য, যেমন আপনাকে বাড়ি থেকে কাজ করতে দেয়া বা আপনার কাজের সময় পরিবর্তন করিয়ে দেয়া।

এটিকে **নমনীয় কাজের অনুরোধের অধিকার ( right to request flexible working)** বলা হয়।

তাদেরকে পরিবর্তন না করার ক্ষেত্রে ভাল কারণ দেখাতে হবে।

নমনীয় কাজের অনুরোধের অধিকার শুধুমাত্র কর্মচারীদের জন্য।

সিটিজেনস এডভাইসের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্য আছে নমনীয় কাজ ও এর জন্য কিভাবে অনুরোধ করতে হবে সেই সম্পর্কে।

## আপনাকে দিয়ে কত ঘন্টা কাজ করানো যায়

### কাজের সময়ের নির্দেশনা (Working Time Directive)

আপনি যে ব্যক্তির জন্য কাজ করেন তিনি আপনাকে সপ্তাহে একটি নির্দিষ্ট ঘন্টার বেশি কাজ করাতে পারবেন না।

এটিকে বলে কাজের সময়ের নির্দেশনা ( **working time directive)** বা কাজের সময়ের নিয়মাবলী ( **working time regulations)** ।

কাজের সময়ের নিয়মাবলী কর্মচারী ও কর্মীদের জন্য।

কিছু চাকরির ক্ষেত্রে আপনাকে আরো বেশি ঘন্টার কাজ করতে হতে পারে।
সরকারের তাদের ওয়েবসাইটে আরো বিস্তারিত তথ্য থাকতে পারে।